বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ
# Jalalabad Gas Transmission and Distribution System Ltd.
পেট্রোবাংলার একটি কোম্পানি (A Company of Pertrobangla)

সূত্র নং ঃ ২৮.১৬.৯১০০.০৯২.৪৪.১৪৫.২১. ২৪৫ | তারিখ ঃ ৩১/০৩/২০২১

**বিষয় ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের জন্য ১.৩ ও ১.৪ শ্রেনীর ঠিকাদার প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি ঃ**

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিঃ এর ১.৩ ও ১.৪ শ্রেনীর তালিকাভুক্ত ঠিকাদার প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২১ ও ২০২১-২২ অর্থ বছরের জন্য তালিকাভুক্তি নবায়ন করতে হবে। আগ্রহী ঠিকাদারগণ কোম্পানীর প্রধান কার্যালয়ে অবস্থিত ক্যাশ শাখা/ লিয়াজোঁ অফিস, ঢাকা হতে আগামী ০৫/০৪/২০২১ তারিখ হতে ০৫/০৫/২০২১ তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ৯:০০ ঘটিকা হতে ১৩:০০ ঘটিকা পর্যন্ত সময়ে নগদ ২০০/-(দুইশত) টাকা মাত্র (অফেরতযোগ্য) মূল্যে তালিকাভুক্তি নবায়নের আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে ঃ

১। পুরণকৃত তালিকাভুক্তি নবায়নের আবেদন ফরম।

২। (ক) সর্বশেষ/২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে জালালাবাদ গ্যাস কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি নবায়ন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
(খ) সর্বশেষ/ ২০১৮-১৯ ও ২০১৯-২০ অর্থবছরে জালালাবাদ গ্যাস কর্তৃক ইস্যুকৃত অনুমোদিত জনবলের তালিকার সত্যায়িত ফটোকপি।

৩। ক) জনশক্তির তালিকায় অন্তভূক্ত প্রকৌশলী ও ফোরম্যানের নিয়োগপত্র, ছবি, এনআইডি ও সনদের সত্যায়িত ফটোকপি।
খ) ওয়েল্ডার-ফিটার নিয়োগের বিষয়ে নিয়োগপত্র, ছবি, এনআইডি ও হালনাগাদ সনদের সত্যায়িত ফটোকপি।
(পরিচ্ছেদ-৩ এর শর্ত নং-৩.২/ ৩.৩ অনুযায়ী)

৪। আবেদনপত্র দাখিলের তারিখ হতে সর্বাধিক এক মাস পূর্বের ইস্যুকৃত স্বীকৃত কোন ইন্সপেকশন/ সার্ভে সংস্থার প্রত্যায়িত যন্ত্রপাতি ও সরঞ্জামাদির তালিকার মূলকপি (তালিকাভুক্তি তফসিলের পরিচ্ছেদ-৩ এর শর্ত নং- ৩.৪/৩.৫ অনুযায়ী)।

৫। হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৬। হালনাগাদ আয়কর প্রত্যয়নপত্রের সত্যায়িত ফটোকপি।

৭। ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের এর সত্যায়িত ফটোকপি (সাম্প্রতিক)।

৮। আবেদন দাখিলের তারিখ হতে সর্বোচ্চ ১(এক) মাস পূর্বে ইস্যুকৃত ন্যূনতম ১০(দশ) লক্ষ টাকা ১.৩ শ্রেণীর এবং ২৫(পঁচিশ) লক্ষ টাকা ১.৪ শ্রেণীর ঠিকাদারের জন্য ব্যাংক স্বচ্ছলতা সনদপত্র (ব্যাংক সলভেনসি সার্টিফিকেট) এর মূলকপি দাখিল করতে হইবে (অস্পষ্ট বর্ণনার সনদপত্র গ্রহণযোগ্য নহে)।

৯। আবেদন দাখিলের পূর্ববর্তী দুই বছরে ১৩/১.৪ শ্রেণীভূক্ত কাজের জন্য কোম্পানীর আহবানকৃত যে সকল দরপত্রে অংশগ্রহণ করিয়াছেন ও গ্রাহক ব্যয়ে যে সকল প্রকল্প সম্পাদন করিয়াছেন তাহার বিশদ বিবরণ সংশ্লিষ্ট দপ্তরের প্রত্যায়নসহ।

১০। ইতোমধ্যে তিতাস/ বাখরাবাদ/ জালালাবাদ/পশ্চিমাঞ্চল/সুন্দরবন/কর্ণফুলি গ্যাস কোম্পানী/ গ্যাস ট্রান্সমিশন কোম্পানী কর্তৃক যে কোন কারণে খেলাপকারী হিসেবে তালিকাভুক্তি বাতিল/কালো তালিকাভুক্তি/ সাসপেনশন/ জরিমানা হয় নাই এই মর্মে ঠিকাদারের লেটারহেড প্যাডে ঘোষনাপত্র। এ সংক্রান্ত কোন তথ্য গোপনের ক্ষেত্রে তালিকাভুক্তি বাতিলসহ জামানত বাজেয়াপ্ত হতে পারে।

১১। তালিকাভুক্তি নবায়ন তফসিল ক্রয়ের রশিদ এর মূলকপি।

১২। সনাক্তকরণের প্রমাণস্বরুপ ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট এর নিকট হতে হালনাগাদ সংগৃহিত স্বত্ত্বাধিকারীর এফিডেভিড,অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারীত্ব দলিল (মূখ্য অংশীদার উল্লেখসহ) এবং লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব এসোসিয়েস দলিল এর সত্যায়িত কপি।

১৩। ফার্মের স্বত্ত্বাধিকারী / অংশিদারগন/ পরিচালকগনের স্বাক্ষর ও ছবি ( পরিশিষ্ট-৫ এ প্রদান করিতে হবে)।

১৪। নবায়ন ফি বাবদ (অফেরতযোগ্য) নগদ/ ডিডি/ পে-অর্ডারের মাধ্যেমে ১.৩ শ্রেনীর ঠিকাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১৫ (পনের) হাজার টাকা ও ১.৪ শ্রেনীর ঠিকাদার প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৫ (পঁচিশ) হাজার টাকা এবং সরকার কর্তৃক নির্ধারিত মূসক, অনাদায়ী মূসক ও অন্যান্য পাওনা কোম্পানীর প্রধান কার্যালয়ে অবস্থিত ক্যাশ শাখা/ লিয়াজোঁ অফিস, ঢাকায় জমা প্রদানের রশিদ এর মূলকপি।

চলমান পাতা-২

Head Office : Gas Bhaban, Mendibag, Sylhet-3100, Post Box No-51, Bangladesh. Tel : 0821 712194,714232,716291, Fax : 880-821-716964
Liaison Office : Petrobangla, Petrocentre(Level-14), 3 Kawran Bazar, Dhaka-1215. Phone: 02-55013812, 02-55013813,Hot Line: 16511
E-mail: md@jalalabadgas.org.bd, jgtdslho@gmail.com, jgtdsldlo@gmail.com, Web : www.jalalabadgas.org.bd

১৫। দায়বীমা পলিসির মূলকপি (প্রতিটি দূর্ঘটনার জন্য ৩য় পক্ষের দায় হবে ন্যূনতম ০১ (এক) লক্ষ টাকা মাত্র। এই ক্ষেত্রে দূর্ঘটনার সংখ্যা সীমিত নহে)।

১৬। একাধিক প্রতিষ্ঠানের মালিকানা জড়িত নাই মর্মে ঠিকাদারের লেটারহেড প্যাডে ঘোষনাপত্র।

১৭। e-GP তে রেজিশট্রেশনর রেকর্ড ও e-mail address দিতে হবে।

তালিকাভুক্তি তফসিলের চাহিদা মোতাবেক উপরে উল্লেখিত কাগজপত্র/দলিলপত্র সংযোজনপূর্বক উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), গ্যাস ভবন (৭ম তলা), মেন্দিবাগ, সিলেট-৩১০০, ঠিকানায় আগামী ০৫/০৪/২০২১ তারিখ হতে ০৫/০৫/২০২১ তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ৯:০০ ঘটিকা হতে ১৬:০০ ঘটিকা পর্যন্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের প্যাডে সকল ডকুমেন্ট অবশ্যিকভাবে সংযুক্তিসহ আবেদনের মাধ্যমে দাখিল করা যাবে। নির্ধারিত সময়সীমার পর কোন ডকুমেন্ট/ আবেদন গ্রহণযোগ্য বিবেচিত হবে না। আবেদন পত্র ক্রয় ও দাখিলের শেষ দিন কোন কারনে অফিস বন্ধ থাকলে তৎপরবর্তী কার্যদিবসের একই সময় শেষ তারিখ হিসাবে গণ্য হবে। উল্লেখ্য যে, পেট্রোবংলার অধীনস্থ কোম্পানী বা জেজিটিডিএসএল কর্তৃক কালো তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান নবায়ন আবেদনের যোগ্য নহে। জেজিটিডিএসএল উপর্যুক্ত ঠিকাদার তালিকাভুক্তি নবায়ন বিজ্ঞপ্তি/ কার্যক্রম এর আংশিক অথবা সম্পূর্ণ, কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন সময় পরিবর্তন/ বাতিল করার অধিকার/ ক্ষমতা সংরক্ষণ করে।

৩১.০৩.২০২১

(প্রকৌ. জসিম উদ্দিন আহমদ)
<u>মহাব্যবস্থাপক (পরিকল্পনা)</u>

বিতরণ ঃ -১.৩ ও ১.৪ শ্রেণীর ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়নের স্থায়ী কমিটির আহবায়ক /সদস্য/ সদস্য-সচিব জেজি, সিলেট।
- ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্তাধিকারী/পরিচালক----------------------------------------------------------------------------

<u>অনুলিপি</u> ঃ

- উপ-ব্যবস্থাপকের মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস,সিলেট ।
- মহাব্যবস্থাপক (বিপণন- দক্ষিন/ প্রশাসন/ অর্থ/ বিপণণ-উত্তর/ অপারেশন), জালালাবাদ গ্যাস, সিলেট।
- উপ-মহাব্যবস্থাপক (ইএসডি/আরডিডি-হবিগঞ্জ/আরডিডি-মৌলভীবাজার/আরডিডি-সিলেট মেট্রো/পিসিডি/আরডিডি-সিলেট জোন), জালালাবাদ গ্যাস, সিলেট।
- উপ-মহাব্যবস্থাপক (আরএ্যান্ডডি), জালালাবাদ গ্যাস, সিলেট (কোম্পানীর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- আঞ্চলিক কার্যালয় প্রধান/ ব্যবস্থাপক ------------------------------------, জালালাবাদ গ্যাস।
- ব্যবস্থাপক, ঢাকা লিয়াজোঁ অফিস, জালালাবাদ গ্যাস।
- সকল নোটিশ বোর্ড/দপ্তর নথি/মাস্টার ফাইল ।

Mr. Khayrul (AE)